



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা

ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ

টেলিফোন : ৯৫৭৫৬২২ (DGM)

: ৯৫৭২২৫৫ (RTGS)

ই-মেইল : rtgs@krishibank.org.bd

dgmtreasury@krishibank.org.bd

নং:প্রকা/টিএমডি(RTGS)/প্রশা-১৭/২০১৬-১৭/৯৫৪

তারিখ: ১১.০৬.২০১৭

মহাব্যবস্থাপক

বিক্রেয় স্থানীয় মুখ্য কার্যালয়,

উপ-মহাব্যবস্থাপক,

আইসিটি অপারেশন বিভাগ

আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ,

উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পো: শাখা

সকল শাখা ব্যবস্থাপক(অনলাইন শাখা)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ আন্তঃব্যাংক লেনদেনের ক্ষেত্রে ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেমসের ব্যবহার ত্বরান্বিত করা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে ২১.০৫.২০১৭ তারিখে বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট সিস্টেম ডিপার্টমেন্ট হতে প্রেরিত ই-মেইল বার্তা নং: পিএসডি সার্কুলার নং:০২/২০১৭, এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

২। দেশের পেমেন্ট, ক্লয়ারিং ও সেটলমেন্ট সিস্টেমস-কে আধুনিক, নিরাপদ, দক্ষ ও আন্তর্জাতিক মানসম্পন্ন করা এবং সকলের নিকট পৌঁছে দেয়ার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক বিভিন্ন কার্যক্রম অব্যাহত রেখেছে।

৩। বাংলাদেশ ব্যাংক এর উক্ত পক্ষে দেশের পেমেন্ট ব্যবস্থাপনা বিশেষ করে EFT এবং RTGS-এর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে প্রতিটি ব্যাংক শাখার এ সেবা প্রদানের সক্ষমতা অর্জন এবং এ সম্পর্কে ব্যাংকার, ব্যবসায়িক সংগঠন, বিভিন্ন সরকারী সংস্থা, সর্বোপরি জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে যে সকল ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হয়েছে তা বাস্তবায়নে নিম্নোক্ত প্রস্তাব কর্তৃপক্ষ সদয় অনুমোদন করেছেন:

ক. (i) ৩১.১২.২০১৭ তারিখের মধ্যে সকল শাখা হতে EFT সংক্রান্ত লেনদেন Origination এর মাধ্যমে সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ (কার্যকরণ: বিক্রেয় স্থানীয় মুখ্য কার্যালয়);

(ii) ৩১.১২.২০১৭ তারিখের মধ্যে সকল শাখা হতে RTGS লেনদেন Origination এর মাধ্যমে সেবা প্রদানের লক্ষ্যে বিভাগসমূহ স্ব-স্ব ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ (কার্যকরণ: আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, আইসিটি অপারেশন বিভাগ, টিএমডি-আরটিজিএস);

খ. Origination সেবা প্রদানে সক্ষম শাখাসমূহের সম্মুখে সহজে দৃষ্টিগোচর হয় এমন কোন স্থানে ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেম সম্পর্কে সচেতনামূলক ব্যানার প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ (কার্যকরণ: সকল শাখা ব্যবস্থাপক, ফলো আপ: মু:আ:ব্য:/ আ:ব্য:);

গ. EFT এবং RTGS সেবা প্রদানকারী সকল শাখার ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট ব্যাংক কর্মকর্তাদেরকে এ ব্যবস্থা সম্পর্কে সম্যক ধারণা প্রদানের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন (কার্যকরণ: আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, আইসিটি অপারেশন বিভাগ, এইচআরএমডি-৪ বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনায় অন্তর্ভুক্তকরণ, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা);

ঘ. গ্রাহকদের মাঝে EFT এবং RTGS ব্যবস্থা সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ব্যাংকসমূহ এককভাবে বা যৌথভাবে এলাকা ভিত্তিক সচেতনতামূলক কর্মসূচি (যথা: সেমিনার, ওয়ার্কশপ, লিফলেট; কার্যকরণ: সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, ফলো আপ: মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়। ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচারণা, কার্যকরণ: জনসংযোগ ও প্রটোকল বিভাগ)

ঙ. ইলেকট্রনিক লেনদেন ব্যবস্থায় গ্রাহকের অংশগ্রহণ সহজ করার লক্ষ্যে প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করা সাপেক্ষে প্রতিটি ব্যাংক গ্রাহক পর্যায়ে ইন্টারনেট ব্যাংকিং সেবা চালু করার ব্যবস্থা গ্রহণ (কার্যকরণ:আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং এবং আইসিটি অপারেশন বিভাগ);

৪। বিষয়টি ব্যাংকের স্বার্থে গুরুত্বপূর্ণ বিধায় দ্রুততার সাথে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

অনুমোদনক্রমে-

(কোরাইশী মাহমুদ হাসান)

১১.০৬.১৭

মহাব্যবস্থাপক

(আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ)

নং:প্রকা/টিএমডি(RTGS)/প্রশা-১৭/২০১৬-১৭/৯৫৪

তারিখ: ০৭.০৬.২০১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।

৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর / অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক।

৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হল।

৬। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

৯। নথি/মহানথি।

(মো: আবদুসসাদ সিক্তার)

উপ-মহাব্যবস্থাপক

ট্রেজারী বাংলাদেশ টেলিমেট
তারিখ : ২২/০৬/১৭
এসিএম :
এসপিও :
পিও :
ডায়েরী নং : ২৭০৭/১৭

www.bangladeshbank.org.bd
www.bb.org.bd

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

পিএসডি সার্কুলার নং : ০২/২০১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা,
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

আন্তঃব্যাংক লেনদেনের ক্ষেত্রে ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেমের ব্যবহার ত্বরান্বিত করা প্রসঙ্গে।

দেশের পেমেন্ট, ক্লিয়ারিং ও সেটেলমেন্ট সিস্টেমস-কে আধুনিক, নিরাপদ, দক্ষ ও আন্তর্জাতিক মানসম্পন্ন করা এবং সময়সীমার মধ্যে পৌঁছে দেয়ার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক বিভিন্ন কার্যক্রম অব্যাহত রেখেছে। এ লক্ষ্য বাস্তবায়নের অংশ হিসেবে ২০১০ সালে বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম (BACPS)-এর কার্যক্রম শুরু করা হয়। এরই ধারাবাহিকতায় পর্যায়ক্রমে ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT), ন্যাশনাল পেমেন্ট সুইচ (NPS), মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (MFS) চালু করা হয়, যার সর্বশেষ সংযোজন রিয়েল টাইম গ্রস সেটেলমেন্ট (RTGS) সিস্টেম।

দেশের আন্তঃব্যাংক লেনদেনের ক্ষেত্রে সাম্প্রতিককালে প্রবর্তিত এ সকল ব্যবস্থা সম্পর্কে ব্যাংকের গ্রাহক তথা ব্যবসায়ী, ব্যবসায়িক সংগঠন, আর্থিক লেনদেনকারী সাধারণ জনগণ এবং ক্ষেত্রবিশেষে অনেক ব্যাংকারেরও সম্যক ধারণা নেই। পাশাপাশি অনেক ব্যাংক শাখায় এই পদ্ধতিতে লেনদেন সম্পাদনের সক্ষমতা নেই, ফলে এ সকল ইলেকট্রনিক পেমেন্ট ব্যবস্থাসমূহের ব্যবহার কাল্পনিক মাত্রায় হচ্ছে না। এ কারণে গ্রাহক পর্যায়ে এ ব্যবস্থাসমূহের সুফল পুরোপুরিভাবে পৌঁছে দেওয়া সম্ভব হচ্ছে না এবং অর্থনীতিতে এর আশানুরূপ প্রভাব পড়ছে না। তাই দেশের পেমেন্ট ব্যবস্থাতুলো বিশেষ করে EFT এবং RTGS-এর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে প্রতিটি ব্যাংক শাখার এ সেবা প্রদানের সক্ষমতা অর্জন এবং এ সম্পর্কে ব্যাংকার, ব্যবসায়িক সংগঠন, বিভিন্ন সরকারি সংস্থা, সর্বোপরি জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ দেওয়া যাচ্ছে :-

১. ৩১-১২-২০১৭ তারিখের মধ্যে তফসিলি ব্যাংকসমূহ তাদের সকল শাখা হতে EFT এবং RTGS লেনদেন Origination সেবা প্রদান করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ;
২. Origination সেবা প্রদানে সক্ষম শাখাসমূহের সম্মুখে সহজে দৃষ্টিগোচর হয় এমন কোন স্থানে ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেম সম্পর্কে সচেতনতামূলক ব্যানার প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবে ;
৩. EFT ও RTGS সেবা প্রদানকারী সকল শাখার ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট ব্যাংক কর্মকর্তাদেরকে এ ব্যবস্থা সম্পর্কে সম্যক ধারণা প্রদানের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন করবে;
৪. গ্রাহকদের মাঝে EFT ও RTGS ব্যবস্থা সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ব্যাংকসমূহ এককভাবে বা যৌথভাবে এলাকাভিত্তিক সচেতনতামূলক কর্মসূচি (যথা: সেমিনার, ওয়ার্কশপ, লিফলেট, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচারণা ইত্যাদি ব্যবস্থা) গ্রহণ করবে এবং
৫. ইলেকট্রনিক লেনদেন ব্যবস্থায় গ্রাহকের অংশগ্রহণ সহজ করার লক্ষ্যে প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করা সাপেক্ষে প্রতিটি ব্যাংক গ্রাহক পর্যায়ে ইন্টারনেট ব্যাংকিং সেবা চালু করার ব্যবস্থা গ্রহণ করবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

(সীলা রশিদ)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৭৪